



# PRESS CLUB, KOLKATA

Registration No. - S/6012 of 1963 - 1964



ESTD. 1945

৫ নভেম্বর ২০২১

## বর্ষীয়ান রাজনৈতিক নেতা, রাজ্যের মন্ত্রী এবং প্রেস ক্লাব কলকাতা-র সাম্মানিক আজীবন সদস্য সুরত মুখোপাধ্যায়ের প্রয়াণে প্রেস ক্লাব, কলকাতা-র শোকবার্তা।

বর্ষীয়ান রাজনৈতিক ব্যক্তিত্ব সুরত মুখোপাধ্যায়ের প্রয়াণে প্রেস ক্লাব, কলকাতা তার এক পরম সুহৃদ কে হারালো। প্রেস ক্লাব, তথা সাংবাদিকদের সঙ্গে তিনি সব সময়েই অত্যন্ত নিকট সম্পর্ক রেখে চলতেন। ক্লাবের উন্নয়ন ও সংস্কারে কলকাতার মেয়র হিসেবে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। তাঁর দীর্ঘদিনের রাজনৈতিক জীবনে তিনি প্রেস ক্লাব কলকাতা-র বহু অনুষ্ঠানে যোগ দিয়েছেন।

বিধানসভার লবিতে বা অন্য কোনও জমায়েতে তিনি সহজেই সাংবাদিকদের সঙ্গে নানান আলাপচারিতায় একান্ত আন্তরিক ভাবে যোগ দিতেন। তাঁর রসিকতাবোধ সাংবাদিক মহলে বিশেষ জনপ্রিয় ছিল। তিনি সবসময়ই সাংবাদিকদের ধরাছোঁয়ার মধ্যেই বিচরণ করতেন। সংবাদ জগতের যেকোনও সমালোচনা তিনি হাসিমুখে মেনে নিতেন শুধু নয়, সাদরে তা গ্রহণও করতেন। তাঁর বর্ণময় ব্যক্তিত্ব সমকালীন সাংবাদিকদের স্মৃতিতে দীর্ঘস্থায়ী হয়ে থাকবে।

প্রেস ক্লাব, কলকাতা বিশিষ্ট রাজনৈতিক নেতা, মন্ত্রী, ক্লাবের শুভাকাঙ্ক্ষী এবং সাম্মানিক আজীবন সদস্য সুরত মুখোপাধ্যায়ের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছে এবং তাঁর স্ত্রী, সাংবাদিকতার সঙ্গে দীর্ঘদিন যুক্ত, শ্রীমতী ছন্দবাণী মুখোপাধ্যায়ের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

স্নেহাশিস সুর (সভাপতি)

কিংশুক প্রামাণিক (সম্পাদক)

